ISO 9001:2015 Certified

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
## পানালিয়া, নবাবগঞ্জ।

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ
E-mail : dhakapbs2@gmail.com
Website: pbs2.dhaka.gov.bd

২০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ।
স্মারক নং- ২৭.১২.২৬৬২.৫৬১.০১.০৩৮.২৩ ২৪৭৮ তারিখঃ ----------------------------
০৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ RFQ পদ্ধতিতে ''কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল'' সরবরাহের দরপত্র আহবান প্রসঙ্গে।

০১। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্ন বর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক **"কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল"** সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত সরবরাহকারীর/ উৎপাদনকারী/ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য।

০৩। অত্রসাথ সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল পবিস এর ওয়েব সাইট **http://pbs2.dhaka.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে অথবা আবেদনের মাধ্যমে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০ হতে কোটেশন দলিল সংগ্রহ করা যাবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কাগজ বা ফরমে কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আবহানকারী কর্তৃক নির্ধারিত স্থান (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ ঢাকা-১৩২০ এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত না হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম আগামী ১০/০৫/২০২৩ খ্রিঃ তারিখ সময় বেলা ১১.০০ ঘটিকা বা এর পূর্বে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশন খামে **""কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল সরবরাহ এবং আগামী ১০/০৫/২০২৩ তারিখ এর আগে খোলা যাবেনা"** লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে কোন কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। দাখিলকৃত বা প্রাপ্ত কোটেশনসমূহ আগামী ১০/০৫/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) স্ব-স্ব দপ্তরে খোলা হবে। একই তারিখ মূল্যায়ন কমিটির কাছে পাঠানো হবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত কোটেশন বৈধ থাকবে।

০৯। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখ প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-০৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র প্রকাশ্যে উন্মুক্ত করা হবে।

১০। মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের সুষ্ঠভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক "ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২" কর্তৃক এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।

১১। যদি কার্যাদেশ প্রদান বা চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, আবগারী শুল্ক, ফী, লেভী, এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয় তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ চলতি ট্রেড লাইসেন্স টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ণ করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়ণকৃত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মোট মূলের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করতে হবে।

১৭। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।

১৮। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হারে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৯। বর্ণিত শর্তসমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ মজিবুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>বিভাগীয় অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধসহ)।</u>

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্য: প: (কেঃঅঃ) পরিদপ্তর,বাপবিবো,ঢাকা-(নির্ধারিত তারিখ দরপত্র গ্রহণের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।
০২। নির্বাহী প্রকৌশলী, ঢাকা (দঃ),বাপবিবো,ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............................ পবিস ১/২/৩/৪।
০৪। ডিজিএম (দোহার জোনাল অফিস)/সদর দপ্তর-কারিগরী, ঢাকা পবিস-২।
০৫। এজিএম (অর্থ-হিসাব/এম এস/ওএন্ডএম/অর্থ-রাজস্ব/ইএন্ডসি, ঢাকা পবিস-২।
০৬। এজিএম (ওএন্ডএম), বান্দুরা/নারিশা সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-২।
০৭। এজিএম (আইটি), ঢাকা পবিস-২ ( পবিসের ওয়েবসাইট http://pbs2.dhaka.gov.bd প্রকাশের নির্দেশনাসহ)।
০৮। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-২।
০৯। অফিস/মাস্টার কপি।

**বহির্বিভাগীয় অনুলিপিঃ** (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধসহ)।

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঢাকা ।
০২। নির্বাহী প্রকৌশলী, এল জি ইডি কার্যালয়/ সড়ক ও জনপথ, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ/দোহার, ঢাকা।
০৪। মেসার্স ..........................................................................................।

(মোঃ সাইদুর রহমান)
এজিএম (প্রশাসন) চঃ দাঃ